চ্যান্সেলরের প্রবিধান

শ্রেণি:	**শিক্ষার্থী**	ইস্যুর তারিখ:	7/3/09	নম্বর:	A-601
বিষয়:	অ্যাকটিভিটি, ক্লাব, অর্গানাইজেশন			পৃষ্ঠা:	১ এর ১

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ১৫ ফেব্রুয়ারি ২০০৭ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-601 এর স্থলাভিষিক্ত হয়। এটি নন-অ্যাথলেটিক শিক্ষার্থী অর্গানাইজেশন এবং ক্লাব স্থাপনের প্রক্রিয়া এবং এগুলোকে যেসব বাধ্যবাধ্যকতা মেনে চলতে হয় সেগুলো ব্যাখ্যা করে।

পরিবর্তনসমূহ:

- যোগাযোগের তথ্য হালনাগদ করা হয়েছে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান ১৫ ফেব্রুয়ারি ২০০৭ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-601 এর স্থলাভিষিক্ত হয়। এটি নন-অ্যাথলেটিক শিক্ষার্থী অর্গানাইজেশন এবং ক্লাব স্থাপনের প্রক্রিয়া এবং এগুলোকে যেসব বাধ্যবাধ্যকতা মেনে চলতে হয় সেগুলো ব্যাখ্যা করে। এটি ২১ এপ্রি, ২০১০ তারিখ ইস্যু করা চ্যান্সেলরের প্রবিধান A-601-কে রহিত করে।

I. **প্রক্রিয়া**

A. ইন্টারমিডিয়েট, জুনিয়র এবং হাই স্কুলের শিক্ষার্থীদের ইক্যুয়াল অ্যাকসেস অ্যাক্ট এবং এই প্রবিধান মোতাবেক সংগঠন, ক্লাব এবং রাজনৈতিক, ধর্মীয় ও মতাদর্শিক গ্রপ গঠন এবং সেগোতে অংশগ্রহণের অধিকার আছে।

B. শিক্ষার্থীদের ক্লাব বা সংগঠনের সদস্যপদ জাতি, বর্ণ, কৃষ্টি, ধর্ম, বয়স, রাষ্ট্রিক পরিচয়, প্রতিবন্ধিতা, নাগরিকত্বের অবস্থা, বৈবাহিত অবস্থা, লিঙ্গ, অথবা যৌন পক্ষপাত নির্বিশেষে স্কুলের সব শিক্ষার্থীর জন্য উন্মুক্ত হতে হবে।

C. শিক্ষার্থীদের সব ক্লাব এবং সংগঠন প্রিন্সিপ্যালের প্রত্যক্ষ তত্বাবধানে থাকবে। প্রিন্সিপ্যালের অনুমোদন ব্যতীত কোন শিক্ষার্থী সংগঠন বা ক্লাবের কর্মকাণ্ড স্কুলে, স্কুলের সম্পত্তিতে বা স্কুল আয়োজিত অনুষ্ঠানে হতে পারবে না।

D. প্রতিটি স্কুল, এই প্রবিধানের সঙ্গে সঙ্গতিসাপেক্ষে, ক্লাব এবং সংগঠন প্রতিষ্ঠার ক্ষেত্রে নিজস্ব নীতি ও পদ্ধতি চালু করতে পারবে।

E. সনদ রাভের জন্য প্রত্যেক শিক্ষার্থী এবং/অথবা অর্গানাইজেশনকে অবশ্যই:

- একদল আগ্রহী শিক্ষার্থী কর্তৃক চালু করতে হবে;
- স্কুলের শিক্ষা লক্ষ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ উদ্দেশ্য থাকতে হবে;
- একজন ফ্যাকাল্টি অ্যাডভাইজর থাকতে হবে যিনি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের লাইসেন্সপ্রাপ্ত শিক্ষক;
- স্টুডেন্ট গভর্নমেন্ট কর্তৃক অনুমোদিত হতে হবে;
- প্রিন্সিপ্যাল কর্তৃক অনুমোদিত হতে হবে যিনি চার্টারিং প্রক্রিয়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত দেবেন।

F. শিক্ষার্থী ক্লাব বা অর্গানাইজেশনের সঙ্গে আলাপ করে প্রিন্সিপ্যাল ফাকাল্টি অ্যাডভাইজর নিয়োগ করবেন।

G. সব শিক্ষার্থী ক্লাব এবং অর্গানাইজেশনের অনুষ্ঠান বা কর্মকাণ্ডে অবশ্যই একজন ফ্যাকাল্টি অ্যাডভাইজর অথবা প্রিন্সিপ্যালের মনোনীত ব্যক্তি উপস্থিত থাকবেন।

H. প্রতিটি শিক্ষার্থী ক্লাব অথবা অর্গানাইজেশনের একটি গঠনতন্ত্র বা উপবিধি ফাইরে থাকতে হবে যেখানে এর উদ্দেশ্য, সদস্য, কর্মকর্তাদের দায়িত্ব, নির্বাচন প্রক্রিয়া এবং অভিশংসনের পদ্ধতি উল্লিখিত থাকবে।

I. শিক্ষার্থী ক্লাব এবং অর্গানাইজেশনগুলো সদস্য ফি বা অন্য কোন ধরনের ভর্তি ফি আদায় করতে পারবে না।

J. স্কুলে গুপ্ত সমিতি, গুপ্ত ক্লাব বা গুপ্ত অর্গানাইজেশন, গ্যাংসহ, অনুমোদিত নয়।

K. শিক্ষার্থী ক্লাব বা কর্মকাণ্ড কর্তৃক আয়োজিত সকল ফান্ড রেইজিং অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-610 মেনে চলতে হবে।

II. **তদন্ত**

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফোন:	*Office of Youth Development* N.Y.C. Department of Education 52 Chambers St., Room 218 New York, NY 10007	ফ্যাক্স:
212-374-6807		212-374-5751

NYC Department of Education